

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

ঢাকা।

স্মারক নং-০০.০১.০১০০.৬৪২.০১.০১৬.১৮-

তারিখ:

বিষয় : মামলা (এজাহার) দায়েরের অনুমোদন প্রসঙ্গে।

- সূত্র :
- (১) দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, খুলনার স্মারক নং ০০.০১.০১০০.৭৩২.০১.০২৫.১৮-১৯৭৬
তারিখ ১৫/৭/২০১৯ খ্রিঃ।
 - (২) দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, খুলনার স্মারক নং-০০.০১.০১০০.৭৩১.০১.০৪৫.১৮-৫৯৮
তারিখ ২৯/৭/২০১৯ খ্রিঃ ও
 - (৩) দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, খুলনার ই/আর নং ২৫/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, প্রাপ্ত অনুসন্ধান প্রতিবেদন (সংশ্লিষ্ট রেকর্ডপত্রসহ) পর্যালোচনাতে দেখা যায়, ভূয়া জাতীয় পরিচয়পত্রে নিজ জেলা গোপন দেখিয়ে জালিয়াতির মাধ্যমে চাকুরি গ্রহণ করে সরকারি ১৫,০৪,৩৯৮/-টাকা আত্মসাতের দায়ে নিম্নোক্ত ব্যক্তির বিরুদ্ধে পাশে বর্ণিত ধারায় একটি মামলা (এজাহার) দায়েরের জন্য কমিশন কর্তৃক অনুমোদন দেয়া হয়েছে :

ক্রমিক নং	নাম, পদবী ও ঠিকানা	অপরাধের ধারাসমূহ
(১)	জনাব আলামীন, আইসি নং-৩০৫৪ পদবী-ভান্ডারী, মোংলা বন্দর কর্তৃপক্ষ, বাগেরহাট বর্তমান ঠিকানা: মহাড়োর কলোনী, পোর্ট আ/এ, খালিশপুর খুলনা।	দণ্ডবিধির ৪০৯/৪২০/ ৪৬৭/ ৪৬৮ ধারা এবং ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।

২. এমতাবস্থায়, মামলা (এজাহার) দায়েরের এবং একইসাথে প্রধান কার্যালয়ের স্মারক নং দুদক/প্রশাঃ ও লজিঃ/৬৩/২০০৭ (অংশ-২)/২৬৭০১(৮০) তারিখ ২৩/৬/২০১৬ খ্রি. মূলে জারীকৃত অফিস আদেশ অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বত কমিশনকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরিচালক
দুর্নীতি দমন কমিশন

বিভাগীয় কার্যালয়, খুলনা।

স্মারক নং-০০.০১.০১০০.৬৪২.০১.০১৬.১৮-

৪০৯/৪২০/৬

১।-
রাহিলা খাতুন
উপপরিচালক (অনুঃ ও তদন্ত-৭)

ফোনঃ ৯৩৩২৩০৮।

তারিখ: ২৭/৬/১২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যানের একান্ত সচিব (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. কমিশনার (অনুসন্ধান)-এর একান্ত সচিব (মাননীয় কমিশনারের সদয় অবগতির জন্য), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. কমিশনার (তদন্ত)-এর একান্ত সচিব (মাননীয় কমিশনারের সদয় অবগতির জন্য), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, খুলনা।
৭. জনাব মো. ফয়সাল কাদের, উপসহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, খুলনা (অনুসন্ধানকারী-কর্মকর্তা)।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিয়ন্ত্রণ কক্ষ, কক্ষ নং-২০৩, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. অফিস নথি।

*১৩০৯
২৭/৬/২০১২*
রাহিলা খাতুন
উপপরিচালক (অনুঃ ও তদন্ত-৭)